

Srabon 22, 1427 Bangla, August 06, 2020 Thursday, No. 216, 50th year

H I G H L I G H T S

PM Sheikh Hasina says, an attempt has been taken to destroy spirit of liberation war through August 15 killings - she thanked Allah & countrymen for giving him opportunity to try this injustice. (R. Tehran:07)

The 71st birth anniversary of Shaheed Sheikh Kamal, the eldest son of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, was observed in various ceremonies across country. (R. Today:10)

During telephonic talks with Sheikh Hasina Japanese PM Shinzo Abe says, his govt. will provide 329 million US dollars to Bangladesh as grant to help the country to combat COVID-19. (R. Today:11)

DGHS informs that 33 more people have died of COVID-19 in last 24 hrs bringing deaths to 3,267 & 2,654 more people have tested positive in country taking number of confirmed cases to 2,46,674. (VOA:06)

Army Chief General Aziz Ahmed and IG of Police Benazir Ahmed say, the death of Major (retd) Sinha Md Rashed Khan is 'an isolated incident' and it will not affect the army-police relations. (BBC:03) (R. Today:10)

At least 17 persons have died and one more went missing after an engine boat, carrying 48 passengers, capsized in Rajalikanda Haor under Modan upazila in Netrakona district. (BBC:04)(R. Tehran:08)

Global death toll from the coronavirus has climbed over 711,220 & worldwide infected cases have exceeded 18,976,340 according to Johns Hopkins University. (BBC:13)

More than 100 people were killed and more than 4,000 others wounded in a massive explosion in the port area of the Lebanese capital, Beirut - more than 100 are still missing. (BBC:03) (NHK:08)

Bangladesh Embassy in Beirut has confirmed that at least 4 Bangladeshi nationals have been killed and 21 members of Bangladesh Navy and 99 more Bangladeshis injured in the blast. (BBC:03)(R. Today:11)

At least 15 people have died & more than 1,500 have been forced from their homes after torrential rain triggered floods and landslides in South Korea. (BBC:12)

শিরোনাম

শ্রাবণ ২২, ১৪২৭ বাংলা, আগষ্ট ০৬, ২০২০ বৃহস্পতিবার, নং-২১৬, ৫০ বছর

প্রধানমন্ত্রী বলেছেন, ১৫ই আগস্টের হত্যাকাণ্ডের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের চেতনাকে নস্যাত্ন করার চেষ্টা হয়েছে - এই অন্যায়-অবিচারের বিচার করার সুযোগ দেওয়ায় তিনি মহান আল্লাহর কাছে শুকরিয়া এবং জনগণের প্রতি কৃতজ্ঞতা জানান।
(রেডিও তেহরান: ০৭)

নানা আনুষ্ঠানিকতায় পালিত হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বড় ছেলে ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকী।
(রেডিও টুডে: ১০)

জাপানের প্রধানমন্ত্রী শিন জো আবে টেলিফোন আলাপে শেখ হাসিনাকে জানিয়েছেন, করোনা ভাইরাসের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশকে ৩২৯ মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহযোগিতা দিচ্ছে তার সরকার। (রেডিও টুডে: ১১)

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ জন করোনা আক্রান্ত রোগীর মৃত্যু হয়েছে এবং আক্রান্ত হয়েছেন ২,৬৫৪ জন। এর ফলে মৃতের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৩,২৬৭, আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২,৪৬,৬৭৪ জন।
(ভোয়া: ০৬)

পুলিশের গুলিতে মেজর (অব.) সিনহা মোঃ রাশেদ খান হত্যাকাণ্ডের ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা বলে উল্লেখ করে সেনাপ্রধান জে. আজিজ আহমেদ ও পুলিশের আইজিপি বেনজির আহমেদ বলেন, এতে দুই বাহিনীর সম্পর্কে চিড় ধরবেনা।
(বিবিসি: ০৩) (রেডিও টুডে: ১০)

নেত্রকোনা জেলার মদন উপজেলার রাজিলাবান্দা হাওড়ে ৪৮ যাত্রী বহনকারী ট্রলার ডুবে ১৭ জনের মৃত্যু হয়েছে। এখনও নিখোঁজ রয়েছে আরও ১ জন।
(বিবিসি: ০৪) (রেডিও তেহরান: ০৮)

জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের দেয়া তথ্য অনুসারে, করোনাভাইরাস সংক্রমণে বিশ্বে এখন পর্যন্ত ৭ লাখ ১১ হাজার ২২০ জন মানুষের মৃত্যু হয়েছে। আর মোট আক্রান্ত হয়েছেন ১ কোটি ৮৯ লাখ ৭৬ হাজার ৩৪০ জন মানুষ। (বিবিসি: ১৩)

লেবাননের রাজধানী বৈরুতের বন্দর এলাকায় বড় ধরনের বিস্ফোরণে ১০০ জনের বেশি মানুষ মারা গেছে এবং আহত হয়েছে আরও ৪ হাজারের বেশি, এখাও নিখোঁজ রয়েছে ১০০ জনের বেশি মানুষ। (বিবিসি:০৩))(এনএইচকে:০৮)

বৈরুতে অবস্থিত বাংলাদেশি দূতাবাস জানিয়েছে, ঐ বিস্ফোরণে ৪ বাংলাদেশি নিহত হয়েছে। সেখানে অবস্থানরত বাংলাদেশ নৌবাহিনীর একটি জাহাজের ২১ জন নাবিক এবং আরও ৯৯ জনের মত বাংলাদেশি আহত হয়েছেন।
(বিবিসি:০৩) (রেডিও টুডে: ১১)

দক্ষিণ কোরিয়ায় প্রবল বর্ষণের ফলে সৃষ্ট বন্যা ও ভূমিধসে কমপক্ষে ১৫জন নিহত এবং ১,৫০০ জনের বেশি মানুষ বাড়িঘর ছাড়তে বাধ্য হয়েছেন।
(বিবিসি:১২)

বিবিসি

লেবাননে বিস্ফোরণে তিন বাংলাদেশি নিহত, আহত শতাধিক

লেবাননের বিস্ফোরণে তিন বাংলাদেশি নিহত হয়েছে। বৈরুতে বাংলাদেশি দূতাবাস জানিয়েছেন সেখানে অবস্থানরত বাংলাদেশের নৌবাহিনীর একটি জাহাজের ২১ জন নাবিক এবং আরও ৮০ জনের মত বাংলাদেশি আহত হয়েছেন। কয়েকজনের অবস্থা বেশ আশঙ্কাজনক। নিহতদের একজনের পরিবার ও বৈরুতে থাকা বাংলাদেশিদের সাথে কথা বলেছেন শাহনাজ পারভীন।

শাহনাজ পারভীনঃ বৈরুতে বাংলাদেশি দূতাবাসের ফাস্ট সেক্রেটারী আব্দুল্লাহ আল মামুন গতকাল অফিস শেষ করে যখন বাড়ি ফিরেছিলেন ঠিক তখনই হঠাৎ ভূমিকম্পের মত কেঁপে উঠলো চারপাশ। তার বাড়ি ঘটনাস্থান থেকে ৬ কিলোমিটার দূরে অবস্থিত। তিনি বলছিলেন বিস্ফোরণের সময়ের কথা (স্বকণ্ঠে): ‘১০ কিলোমিটার এলাকা কেঁপে উঠেছে যার কারণে আমাদের বাসার জানালার গ্লাস ভেঙ্গে গেছে। জানালার গ্লাস ভেঙ্গে এবং বিভিন্নভাবে মারা গেছে মানুষ। আমরা মনে করেছি ভূমিকম্প যার কারণে দৌড়ে নিচে নেমেছি সবাই। অফিস শেষ করে বাসায় গিয়েছি তখন এই ঘটনা ঘটে।’

এই ঘটনায় আহত বাংলাদেশিদের কোথায় চিকিৎসা দেয়া হচ্ছে এবং তাদের অবস্থা কি সেই বর্ণনা করছিলেন আব্দুল্লাহ আল মামুন (স্বকণ্ঠে): ‘নৌবাহিনীদের জাতিসংঘের আড্ডারে চিকিৎসা করা হচ্ছে। একজন আছেন আইসিইউতে তার অবস্থা আশঙ্কাজনক, বাকী ৬ জন আছেন আল-হামুদ হাসপাতালে। তাদেরকে হাসপাতালে নেয়ার ব্যাপারে আমরা সহায়তা করেছি। প্রবাসী ৭ থেকে ৮ জন আছে রফিক হারিরী হাসপাতালে। সেখানে আমাদের লোক পাঠিয়েছি তাদের সহায়তা করার জন্য।’

নিহতদের একজন মাদারীপুরের কালকিনি উপজেলার শিকারমঙ্গল ইউনিয়নের বাসিন্দা ২৭ বছর বয়সী মিজানুর রহমান। বৈরুতে একটি রেস্টুরেন্টে কাজ করতেন তিনি। কথা বলছিলেন তার ছোট ভাই আব্দুর রহমানের সাথে (স্বকণ্ঠে): ‘আমার ঘরে একটা বড় ভাই ছিল গারজিয়ানের মতো। আমার বাবা খোঁজ নেয় না, সে আমার বড় ভাই। বড় ভাই যদি চলে যায় তাহলে পরিবারের কি অবস্থা হয়। আমার মা জীবিত আছে।’

আব্দুর রহমান জানিয়েছেন বছর তিন হলো লেবাননে গেছেন তার বড় ভাই। তিনি বলছেন তার বাবা দ্বিতীয় বিয়ে করে চলে যাওয়ার পর তাদের মা পরিবারের হাল ধরেছিলেন। এখন অসুস্থ মা ও পরিবারের বাকী সবার দায়িত্ব ছিল মৃত মিজানুর রহমানের কাধে (স্বকণ্ঠে): ‘মা আমাদের ঢাকার শহরে কাজ করে আমাদের বড় করেছে। আমার মা অসুস্থ তার ঔষধ এবং সংসার খরচ সব আমার বড় ভাইয়ের টাকায় হতো।’

বৈরুতে জাম্মু এলাকায় বসবাসরত বাংলাদেশি অভিবাসী আতিয়া সোনিয়া তিনি বলছেন লেবাননে খাদ্য দ্রব্য মূলত দেশের বাইরে থেকে আমদানী হতো। বিস্ফোরণে ভয়াবহ ক্ষতিগ্রস্ত বন্দর। তিনি বলছেন সেখানে অবস্থানরত বাংলাদেশিরা এখন খাদ্য সংকটের আশঙ্কা করছেন (স্বকণ্ঠে): লেবাননের খাদ্য আসে বাহির থেকে এখন বন্দর বন্ধ। ইরান থেকে বেশি খাদ্য আসে। এখন কি খাবো আবার চলবো কীভাবে। এমনিতে লকডাউনের কারণে অনেক কিছু বন্ধ আবার এখন পুরো শহর বন্ধ বর্তমানে। আগে করোনভাইরাসের কারণে কিছুটা বন্ধ ছিল আর এখন গতকালের ঘটনার পর থেকে পুরো শহর বন্ধ করে দিচ্ছে।

এদিকে বাংলাদেশ দূতাবাস থেকে জানানো হয়েছে নিহত ও আহতদের সবার পরিচয় নিশ্চিত হওয়ার চেষ্টা করছেন তারা। এরপর যতদ্রুত সম্ভব নিহতদের মরদেহ দেশে পাঠানোর চেষ্টা করবেন।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ০৫/০৮/২০২০ইং সাইফুর/কোহিনূর)

লেবাননের রাজধানী বৈরুতে বিস্ফোরণে নিহত ১০০, আহত ৪ হাজারের বেশি

লেবাননের রাজধানী বৈরুতে বড় ধরনের বিস্ফোরণে কমপক্ষে ১০০ জন নিহত হয়েছে, আহত হয়েছে আরও ৪ হাজারের বেশি মানুষ, নিখোঁজ রয়েছেন ১০০ জনের বেশি। ধ্বংসস্তূপের মধ্যে নিখোঁজ ব্যক্তিদের সন্ধানে অভিযান চালিয়ে যাচ্ছেন উদ্ধারকর্মীরা। লেবাননের অভ্যন্তরীণ নিরাপত্তা বিষয়ক প্রধান বলেছেন মঙ্গলবার সন্ধ্যায় বন্দর এলাকায় রাসায়নিক পদার্থের গুদামে এই বিস্ফোরণ ঘটেছে। তবে বিস্ফোরণের মাত্রা এত বেশি ছিল যে আশেপাশের এলাকাতেও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। (বিবিসি: ১৯:৩০ ঘ: ০৫/০৮/২০২০ইং সাইফুর/কোহিনূর)

মেজর সিনহার নিহতের ঘটনা দুই বাহিনীর সম্পর্কে পরিবর্তন আনবে না

বাংলাদেশে পুলিশের গুলিতে সাবেক সেনা কর্মকর্তা অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোঃ রাশেদ খানের নিহত হওয়াকে একটি বিচ্ছিন্ন ঘটনা বলে বর্ণনা করেছেন সেনাবাহিনীর প্রধান ও পুলিশের প্রধান দুজনই। যেখানে সিনহা মোঃ রাশেদ নিহত হয়েছেন সে কক্সবাজারে একটি যৌথ সংবাদ সম্মেলন করে সেনা প্রধান জেনারেল আজিজ আহমেদ এবং পুলিশের মহাপরিদর্শক বেনজির আহমেদ এ বক্তব্য তুলে ধরেন। সেনা ও পুলিশ প্রধান কক্সবাজার যাবার আগে আজ সকালেই সেখানকার আদালতে টেকনফ থানার ওসি সহ ৯ জন পুলিশ সদস্যের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেছেন নিহতের বোন। বিস্তারিত শুনুন ঢাকা থেকে পাঠানো আকবর হোসেনের এ প্রতিবেদনে :

অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোঃ রাশেদ খান পুলিশের গুলিতে নিহত হবার পর থেকে সামরিক গোয়েন্দা সংস্থা ডিজিএফআই এবং পুলিশের দিক থেকে পরস্পর বিরোধী ভাষ্য পাওয়া যাচ্ছিল। ঘটনার পর থেকে সেনাবাহিনীর অনেকের মধ্যে দৃশ্যত

একটি ক্ষোভ বিরাজ করছে বলে প্রতীয়মান হয়। বিভিন্ন মাধ্যমে ফাঁস হয়ে যাওয়া সেনাবাহিনীর গোপন দাপ্তরিক নথি থেকে সেটি বোঝা যায়। এমন প্রেক্ষাপটে সেনা এবং পুলিশ প্রধান আজ কক্সবাজার সফর করেছেন। সেখানে তারা উর্ধ্বতন সেনা ও পুলিশ কর্মকর্তাদের সাথে বৈঠকও করেছেন। সংবাদ সম্মেলনে সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ বলেন, যে ঘটনা ঘটেছে সেটির সঙ্গে যারা সম্পৃক্ত থাকবে এ দায়দায়িত্ব তাদেরই নিতে হবে। এর দায়দায়িত্ব কোন প্রতিষ্ঠানের হতে পারে না বলে তিনি মনে করেন (স্বকণ্ঠে): আমরা এটাকে একটা বিচ্ছিন্ন ঘটনা হিসেবেই দেখতে চাই। ঘটনার আলোকে আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে একটি জয়েন্ট ইনকোয়েরি টিম গঠন করা হয়েছে। তারা তাদের কাজ গতকাল শুরু করে দিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্বাস ও সে টিমের প্রতি আমাদের সম্পূর্ণ আস্থা রয়েছে। যাদের দোষী সাব্যস্ত করা হবে তারা সে দোষের প্রায়শ্চিত্ত করবে। এখানে কোন প্রতিষ্ঠানকে সংযুক্ত করবো না, কারও বিপক্ষেও যাবো না। আমাদের মধ্যে যে পারস্পরিক বিশ্বাস, কনফিডেন্স রয়েছে তা অনেক বছরে তৈরি হয়েছে পুলিশ ও সেনাবাহিনীর মধ্যে। আমরা দ্বর্ধহীন ভাষায় বলছি এটা অটুট থাকবে।

সংবাদ সম্মেলনে সেনা প্রধানের পাশেই বসা ছিলেন পুলিশ প্রধান বেনজির আহমেদ। সেনা প্রধানের কথার প্রতিধ্বনি করে পুলিশ প্রধান বেনজির আহমেদও বলেছেন অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোঃ রাশেদ খান নিহত হওয়ার ঘটনাটিকে তারা বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখছেন। তিনি বলেন, এ ঘটনাটিকে ব্যবহার করে অনেকেই সেনাবাহিনী ও পুলিশের মধ্যকার সম্পর্কে চিড় ধরতে চাইছে (স্বকণ্ঠে): মাননীয় সেনা প্রধান যা বললেন যে এটাকে আমরা বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখি। তার মানে এ ঘটনাকে উপেক্ষা করা নয়, এ ঘটনা আমাদের পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে ব্যত্যয় সৃষ্টি করবে বলে আমি মনে করি না।

সেনা ও পুলিশ প্রধানের যৌথ সংবাদ সম্মেলনের ঘন্টা দুয়েক আগেই কক্সবাজারের ম্যাজিস্ট্রেট আদালতে একটি হত্যা মামলা দায়ের করেন নিহত অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোঃ রাশেদের বোন শারমিন শাহরিয়ার। এ হত্যা মামলায় টেকনাফ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রদীপ কুমার দাস এবং বাহারছরা পুলিশ ফাঁড়ির ইনচার্জ ৯ জন পুলিশ সদস্যকে আসামী করা হয়েছে। আদালত এই মামলার তদন্তভার ন্যাস্ত করেছে র্যাবের উপর।

আইনজীবীদের নিয়ে কক্সবাজার আদালত থেকে বেরিয়ে আসার সময় নিহত অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোঃ রাশেদের বোন শারমিন শাহরিয়ার বলছিলেন (স্বকণ্ঠে): আমার ভাই দেশের একজন বীর সন্তান। তাকে কিভাবে নির্মমভাবে হত্যা করা হয়েছে তার বিচারের জন্য আমি কেস ফাইল করতে এসেছি। কেস ফাইল করাই ছিল আমার এখানে আসার উদ্দেশ্য। আমাদের কেস ফাইল করা হয়ে গিয়েছে এবং আমরা অনুরোধ জানিয়েছি যেন র্যাবের মাধ্যমে মামলাটির তদন্ত করা হয় এবং আদালত এটা মঞ্জুর করে। আমার ভাইয়া মারা গিয়েছেন ঈদের আগেরদিন রাতে। টেকনাফ থানা থেকে আম্মুকে ফোন করা হয়েছিল শুধু জানার জন্য যে সিনহা আম্মুর কি হয়। সে কি মেজর কিনা, থানা থেকে আমাদের বলা হয়নি যে আমার ভাইয়া মারা গিয়েছে। পরের দিন সকালে আমাদের বাসায় পুলিশ গিয়েছে তিনজন, তারাও বলেনি আমার ভাইয়া মারা গিয়েছে। আমরা অন্য সোর্স থেকে জেনেছি।

এ ঘটনা তদন্তের জন্য সরকার যে তদন্ত কমিটি গঠন করেছে সেটির দুটি কার্যদিবস পার হয়েছে আজ। তদন্ত কাজ শেষ করার জন্য তাদের হাতে আরও পাঁচদিন সময় রয়েছে। এ পাঁচ দিনের মধ্যে তাদের তদন্ত রিপোর্ট জমা দেবার কথা রয়েছে। সেনা ও পুলিশ প্রধান আজ যৌথ সংবাদ সম্মেলনে বলেছেন, এ তদন্ত যেন নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয়, তার জন্য সবধরনের পরিবেশ নিশ্চিত করা হবে। (বিবিসি: ১৯:৩০ ঘ: ০৫/০৮/২০২০ইং রিহাব/কোহিনূর)

নেত্রকোনার একটি হাওড়ে ট্রলার ডুবিতে অন্তত ১৭ জনের মৃত্যু, নিখোঁজ একজন

বাংলাদেশে নেত্রকোনার মদন উপজেলায় একটি হাওড়ে ট্রলার ডুবি হয়ে অন্তত ১৭ জনের মৃত্যু হয়েছে। উপজেলার নির্বাহী কর্মকর্তা বুলবুল আহমেদ বিবিসি বাংলাকে বলেছেন, হাওড়ে ঘুরতে আসা পর্যটকদের একটি ট্রলার ডুবে গেলে এই দুর্ঘটনা ঘটে। তিনি জানান ৩০ জনকে উদ্ধার করা হয়েছে। একটু আগে বুলবুল আহমেদের কাছে জানতে চেয়েছিলাম ট্রলারটি কীভাবে ডুবে গেল।

মি. বুলবুল : দুপুর ১২টার দিকে এই ঘটনাটি ঘটেছে বলে আমি খবর পাই। খবর পেয়ে আমি সাথে সাথে ফায়ার সার্ভিস এবং আমাদের স্থানীয় পুলিশ এবং আমাদের উপজেলা প্রশাসন সবার সাথেই কথা বলি এবং খুব দ্রুতই ওখানে মুভ করি। ওখানে গিয়ে আমরা যেটা জানতে পারি যে, ঐ ট্রলারে ৪৮ জন যাত্রী ছিল। প্রত্যেকেই কোননা কোন মাদ্রাসার শিক্ষক বা শিক্ষার্থী। আজকে শহরের আবহাওয়াটা একটু প্রতিকূল, প্রচন্ড বাতাস আছে, ঢেউ হচ্ছে। আশেপাশের ট্রলার যেগুলো আছে সবার সাথে কথা বলে আমি জানতে পেরেছি যে অতিরিক্ত ঢেউয়ের কারণে নৌকাটা একদিকে হেলে যাওয়াতে অন্যদিকের যাত্রীরা সবাই এক দিকে চলে আসতে এই দুর্ঘটনাটা ঘটে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। ৩০ জনকে অক্ষত অবস্থায় আমরা উদ্ধার করতে সক্ষম হয়েছি এবং এখন পর্যন্ত আমরা ১৭টি লাশ পেয়েছি।

বিবিসি : হাওড় তো অনেক বিস্তৃত একটা এলাকা, কতটা ভিতরে এই দুর্ঘটনা ঘটেছে ?

মি. বুলবুল : আমাদের এখানে উজিপুর ঘাট আছে। এখানে ঈদ উপলক্ষে অনেক টুরিস্ট আসেন। ঘাট থেকে প্রায় দেড় কিলোমিটার দূরে এই দুর্ঘটনাটি ঘটে। আশেপাশে প্রচুর মাছ ধরার ট্রলার ছিল বা অন্যান্য ট্রলারও ছিল। ওরা সাথে সাথেই গিয়েছে। এখনও একজনের লাশ কিন্তু আমরা শনাক্ত করতে পারিনি এবং আমাদের ডুবুরি দল এখনও কাজ করছে ওখানে। এখনও একজন নিখোঁজ আছে।

বিবিসি : উদ্ধার করলো কারা ?

মি. বুলবুল : যারা স্থানীয় ট্রলার নিয়েছিল তারা উদ্ধার করেছে। প্রথমত ৩০ জনকে আশেপাশের ট্রলারগুলো এসে উদ্ধার করেছে। আর আমাদের মদন থানায় যে ফায়ার সার্ভিস স্টেশন আছে ওখান থেকে গিয়ে আমরা উদ্ধার তৎপরতা শুরু করি এবং পরবর্তী সময়ে ডুবুরি দল এসে আমাদের সঙ্গে উদ্ধার কাজে যোগ দেয়।

বিবিসি : বাংলাদেশে ছুটির সময় হাওড়ে অনেকেই দল বেঁধে বেড়াতে যান। সেখানে কারা কোন ধরনের নৌকায় উঠবেন, কোথায় যাবেন এটা কী দেখার জন্য কেউ আছে ?

মি. বুলবুল : হ্যাঁ এখানে আমাদের ইজারাদার আছেন তাকে ইনস্ট্রাকশন দেওয়া আছে। আমাদের সাইনবোর্ড দেওয়া আছে যে প্রতিটা নৌকায় কতজন উঠবে। আর এখন যেহেতু কোভিড-১৯ আর শোকের মাস আগস্ট মাস তাই কিছু রেস্ট্রিকশন এমনিতেই আছে আমাদের। ঈদের সময় এমনিতেই আছে ট্যুরিস্ট আসেন আর এজন্যই হয়ত ট্রলারে একটু বেশি লোকজন উঠেছিল। আমি ট্রলারটি দেখেছি, স্থানীয় লোকজন এবং সবার সাথে কথা বলে আমরা যেটা জানতে পেরেছি যে, আসলে এই ট্রলারে একটু বেশি লোকই উঠেছিল।

বিবিসি : আপনি বলছিলেন যে, ওখানে সাইনবোর্ড আছে। কিন্তু আসলে কতজন যাত্রী উঠানো হচ্ছে, নির্ধারিত সংখ্যার চেয়ে বেশি উঠানো হলো কিনা, সেই ট্রলারগুলো নিরাপদ কিনা এগুলো দেখার জন্যে আপনাদের লোকজন সেখানে আছে?

মি. বুলবুল : আমাদের পুলিশ সর্বক্ষণ ওখানে বিষয়টি মনিটর করে। এখান দিয়ে মানুষ এপার-ওপার পারাপার করে। আবার ট্যুরিস্টরা ঘুরতে যায়, আবার অনেক সময় অন্য জায়গা থেকে অনেকে ট্রলার বা বোট নিয়ে চলে আসে। সাধারণত এখান থেকে যে ট্রলারগুলো যায় সেগুলো মনিটর করা হয়। যদিও ঈদ পরবর্তী সময় এটা খুব কঠিন কাজ। আসলে প্রচুর ট্যুরিস্ট আসে এই সময়টাতে। এগুলো মোটামুটি নিয়ন্ত্রণ করা হয় আমাদের পুলিশের পক্ষ থেকে এবং আমাদের উপজেলা প্রশাসন কাজ করে। ঈদের আগে কঠোরভাবে আমরা ইনস্ট্রাকশনও দিয়ে রেখেছি আর বাইরে থেকে যেগুলো আসে ওগুলো অন্যদিক থেকে চলে আসে তাই সেভাবে আমরা মনিটর করতে পারি না বা সম্ভব হয় না।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ০৫/০৮/২০২০ইং এলিনা/কোহিনুর)

বিবিসি বাংলার ফোন ইন অনুষ্ঠান

বিবিসি বাংলার বুধবারের ফোন ইনে সবাইকে স্বাগত জানাচ্ছি। আজ করোনাভাইরাস এবং শ্বাসতন্ত্রের রোগ সংক্রান্ত আপনাদের প্রশ্নের জবাব দেবেন ঢাকার ইউনাইটেড হসপিটালের বক্ষব্যাপি বিশেষজ্ঞ ডাক্তার রওশনারা খানম। ড. রওশনারা খানম আপনার কাছে প্রথম প্রশ্ন করবেন রংপুর থেকে হাবিবা আক্তার।

মিস হাবিবা: বংশগতভাবে যারা শ্বাসতন্ত্রের রোগে ভুগছে কিন্তু অনেক বেশি যে তা নয়। মানে মাঝে মাঝে শ্বাসকষ্ট হয় তাদের সব সময় কি সাবধানতা অবলম্বন করতে হবে। আমার একটু ঠাণ্ডা লাগলেই সর্দি কাশি হয় আবার পানি গিলতে গেলে প্রথমবার কোনো সমস্যা হয় না কিন্তু পরেরবার প্রচণ্ড ব্যথা হয়। দীর্ঘদিন ধরে এ সমস্যায় ভুগছি।

ড. রওশনারা: উনি সম্ভবত বংশগতভাবে এলার্জির সমস্যায় ভুগছেন। অনেক সময় এটা অ্যাজমা হতে পারে। এক্ষেত্রে সবার একই জিনিসে সমস্যা হয় না। আপনি একটু খেয়াল করে দেখবেন যে কী কী কাজ করলে আপনার সমস্যা হয়। যেমন ধূলাবালির কাজ করলে হয় কি না বা কোনো খাবার খেলে সমস্যা হয় কি না তাহলে সেগুলো এভয়েড করবেন। আর ট্রিটমেন্টের কথা বলবো অবশ্যই একজন বক্ষব্যাপি চিকিৎসকের কাছে গিয়ে পরীক্ষা করে উনি যে প্রেসক্রিপশন লিখে দিবেন সেটা ফলো করতে হবে। আর পানি খাওয়ার সময় যে ব্যথার কথা বললেন সেটা কি সব সময় হয় কি না আমি ক্লিয়ার না। গলার মধ্যে কোনো প্রদাহ চলতে থাকলে এরকম ব্যথা হতে পারে। তবে এটার জন্য আপনি একটু গারগেল করতে পারেন। একটু গরম পানিতে লবণ মিশিয়ে গরগরা করবেন।

বিবিসি: এবার রংপুর থেকে প্রশ্ন করবেন রোদেলা জান্নাত।

মিস. জান্নাত: আমার অ্যাজমা আছে। মাঝে মাঝে অ্যাটাক হয়। এখন অ্যাজমার লক্ষণ আর করোনার লক্ষণ তো একই। তাহলে কীভাবে বুঝবো আমার করোনা, নাকি অ্যাজমা অ্যাটাক?

ড. রওশনারা: আপনার বিভ্রান্তি পরিষ্কার হয়ে আসবে যদি আপনি করোনা টেস্ট করেন। যদি নেগেটিভ আসে তাহলে বুঝতে হবে অন্য কোনো ইনফেকশনের কারণে অ্যাজমাটা বেড়েছে। আর শধু অ্যাজমা হলে তো জ্বর হওয়ার কোনো কারণ নেই। তাই জ্বর থাকলে করোনা টেস্ট করাই ভালো।

বিবিসি: এবারে রাজশাহী থেকে যোগ দিচ্ছেন সোহেল রানা।

মি. রানা: আমার মায়ের বয়স ৫৩ বছর। তার প্রচণ্ড বুকে ব্যথা হয় কাজ করলে। সম্প্রতি আরো বেড়েছে ব্যথা। করোনার সময়ে ডাক্তারের কাছে নিয়ে যেতেও ভয় পাচ্ছি। বাড়িতে বসে কীভাবে এই ব্যথা নিরাময় করা যাবে? উনার লো প্রেশার আছে।

ড. রওশনারা: একজন ৫৩ বছর বয়সের মহিলার যদি কাজ করতে গিয়ে বুকে ব্যথা আসে তাহলে আমরা দুটি জিনিস চিন্তা করবো। প্রথমত হার্টের কোন সমস্যা কি না। আবার হতে পারে ফুসফুসের কোনো সমস্যা বা মাংসপেশীর ব্যথা। তারপরেও আমি বলবো আপনি একজন ডাক্তারকে দেখিয়ে নিয়ে উনার হার্টের অবস্থাটা কেমন আছে সেটা দেখতে হবে।

বিবিসি: এবার খুলনা থেকে যোগ দিচ্ছেন শ্রীমতি রায়।

মিস রায়: আমার বয়স ৩০ বছর। আমার মাঝে মাঝে শ্বাসকষ্ট হয়। এটার সাথে করোনার সাথে সম্পর্ক আছে কি না। আমার এর আগেও শ্বাসকষ্ট হতো।

ড. রওশনারা: না যেহেতু আপনার শ্বাসকষ্টের সমস্যা সব সময়ই আছে তাই করোনা বলা যাবে না। কারণ করোনা তো আমাদের দেশে আসলো কয়েকমাস আগে। আমার মনে হয় আপনার কোল্ড এলার্জি আছে। আর করোনার সময়ে শ্বাসকষ্ট হলে আপনাকে শিওর হতে হলে করোনা টেস্ট করতে হবে। তাহলেই একমাত্র বলা যাবে যে, এটা নরমাল নাকি করোনা? বিবিসি: ধন্যবাদ সবাইকে। (বিবিসি: ২২৩০ ঘ. ০৫/০৮/২০২০ সোনিয়া/নারগীস)

ভয়েস অফ আমেরিকা

বৈরুতে বিস্ফোরণের ঘটনায় তিন বাংলাদেশী নিহত

লেবাননের রাজধানী বৈরুতে মঙ্গলবার ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় অন্তত তিন বাংলাদেশী নিহত এবং অপর অর্ধশতাধিক বাংলাদেশী আহত হয়েছেন বলে ঢাকায় পাওয়া খবরে জানা গেছে।

খবরে বৈরুতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, নিহত দুই বাংলাদেশীর পরিচয় পাওয়া গেছে যাদের একজন হলেন ব্রাহ্মণবাড়িয়া জেলার মেহেদি হাসান এবং অন্যজন মাদারীপুর জেলার মিজান। শেষ খবর পাওয়া পর্যন্ত নিহত অপর বাংলাদেশীর পরিচয় বাংলাদেশ দূতাবাস নিশ্চিত করতে পারে নাই। তবে বৈরুতে বসবাসরত বাংলাদেশীদের হতাহতের সংখ্যা আরো বাড়ার আশঙ্কা করা হচ্ছে।

এদিকে, ঢাকায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর বা আইএসপিআর এর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে লেবাননে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন ইউনিফিলের কার্যক্রমে নিয়োজিত বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ বিএনএস বিজয়ের ২১ জন সদস্য আহত হয়েছেন যাদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। তাকে আমেরিকান ইউনিভার্সিটি অব বৈরুত মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, এ দুর্ঘটনায় নৌবাহিনী জাহাজ 'বিজয়' এর বিস্তারিত ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করা হচ্ছে।

উল্লেখ্য, বৈরুত সমুদ্রবন্দরে গতকাল বিস্ফোরক গুদামে যে ভয়াবহ বিস্ফোরণ ঘটেছিল তখন বন্দরে অবস্থানরত বিএনএস বিজয় ক্ষতিগ্রস্ত হয়। (ভোয়া : ২২০০ ঘ. ০৫/০৮/২০২০ মোতালেব)

করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউয়ের খবরে বাংলাদেশে আতঙ্ক

করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউয়ের খবরে বাংলাদেশে আতঙ্ক ছড়িয়েছে। যদিও স্বাস্থ্য বিজ্ঞানীরা দ্বিতীয় ঢেউ শুরু হয়েছে কিনা তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন। বিশ্বস্বাস্থ্য সংস্থা বিষয়টি স্পষ্ট করেনি। তারা শুধু বলেছে, করোনা দীর্ঘ দিনের অতিথি। বাংলাদেশে প্রথম ঢেউই এখন পর্যন্ত শেষ হয়নি। এরমধ্যে ইউরোপসহ কয়েকটি দেশ থেকে দ্বিতীয় ঢেউয়ের খবর এসেছে।

ল্যাটিন আমেরিকার কয়েকটি দেশের অবস্থা নতুন করে খারাপের দিকে যাচ্ছে। বাংলাদেশের জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, এখনও পিকই শুরু হয়নি। প্রথম ঢেউয়ের শেষ হয়েছে এটাও বলা যাবে না। আরো ১৪ দিন পর বুঝা যাবে বাংলাদেশ কোথায় দাঁড়িয়ে আছে। তাদের যুক্তি ঈদের ছুটিতে যেভাবে অবোধে মেলামেশা হয়েছে তাতে আশঙ্কা থেকেই যায়।

করোনা নিয়ে এই আতঙ্কের মধ্যে বিশ্বস্বাস্থ্য সংস্থার দুটি মূল্যায়ণ মানুষকে আরো বেশি আতঙ্কিত করেছে। করোনার যাদুকরি কোন সমাধান নেই, ভ্যাকসিন আদৌ আসবে কিনা এ নিয়েও তাদের সংশয়।

বাংলাদেশে ৮ই মার্চ প্রথম করোনা রোগীর সন্ধান পাওয়া যায়। এরপর থেকে পর্যায়ক্রমে রোগী বেড়েছে। ঢাকা বিভাগ রয়েছে শীর্ষে। এ পর্যন্ত ঢাকা বিভাগে এক হাজার ৫৬৭ জনের মৃত্যু হয়েছে। এরপর রয়েছে চট্টগ্রাম বিভাগ। এখানে মারা গেছেন ৭৮৪ জন। অন্য বিভাগের মধ্যে রংপুরে ১২৭, সিলেটে ১৫৪, খুলনায় ২৩৮, রাজশাহীতে ১৯৯, বরিশালে ১২৮ এবং ময়মনসিংহ বিভাগে ৭০ জনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে মৃত্যু হয়েছে ৩ হাজার ২৬৭ জনের। করোনা উপসর্গ নিয়ে যারা মারা গেছেন তাদের তথ্য নেই সরকারি এই হিসাবে।

সরকারি তথ্য অনুযায়ী এ পর্যন্ত করোনা আক্রান্ত হয়েছেন ২ লাখ ৪৬ হাজার ৬৭৪ জন। এর মধ্যে সুস্থ হয়েছেন এক লাখ ৪১ হাজার ৭৫০ জন। সর্বশেষ ২৪ ঘণ্টায় ৩৩ জনের মৃত্যু হয়েছে। রোগী শনাক্ত হয়েছে ২ হাজার ৬৫৪ জন।

(ভোয়া : ২২০০ ঘ. ০৫/০৮/২০২০ মোতালেব)

রেডিও তেহরান

সিনহার মৃত্যু বিচ্ছিন্ন ঘটনা, উচ্চনিতে দুই বাহিনীর সম্পর্কে চিড় ধরবে না

কক্সবাজারে গত শুক্রবার পুলিশের গুলিতে একজন সাবেক সেনা কর্মকর্তার মৃত্যুর ঘটনায় বাংলাদেশের সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ ও বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক বেনজীর আহমেদ আজ বুধবার কক্সবাজারে যৌথ সংবাদ সম্মেলন করে এ ঘটনাটিকে একটি বিচ্ছিন্ন ঘটনা হিসেবে উল্লেখ করেছেন। তবে, বাংলাদেশে এই প্রথম সেনা প্রধান ও পুলিশের প্রধান একটি যৌথ সংবাদ সম্মেলন করে এরকম একটি পরিস্থিতি জনসমক্ষে ব্যাখ্যা করেছেন। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন :

কক্সবাজারের সেনাবাহিনীর বাংলো জলতরঙ্গে আয়োজিত আজকের যৌথ সংবাদ সম্মেলনে সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ বলেন, সেনাবাহিনী ও পুলিশ কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে। যে ঘটনা ঘটেছে, অবশ্যই সেনাবাহিনী ও পুলিশ

বাহিনী মর্মান্বহত। আমি আপনাদের মাধ্যমে যে মেসেজ দিতে চাই, তা হলো এটাকে আমরা বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখতে চাই। জেনারেল আজিজ বলেন, আমরা দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই, দুই বাহিনীর সম্পর্কে চিড় ধরে এমন কিছু হবে না। এ ঘটনা নিয়ে যেন সেনাবাহিনী ও পুলিশের ভেতর অনাকাঙ্ক্ষিত চিড় ধরানোর মতো ঘটনা না ঘটে, সে ব্যাপারে সতর্ক থাকারও অনুরোধ করেছেন তিনি।

পুলিশের মহাপরিদর্শক বেনজীর আহমেদ বলেন, বাংলাদেশ আধুনিক গণতান্ত্রিক দেশ। এখানে আইনের শাসন আছে। সংবাদমাধ্যম সর্বোচ্চ স্বাধীনতা ভোগ করছে। বিচার বিভাগ মুক্ত। এ ঘটনা নিয়ে অনেকে উস্কানিমূলক ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছে, তাদের উদ্দেশ্য সফল হবে না। বেনজীর আহমেদ বলেন, সেনাবাহিনীর সঙ্গে তাদের পারস্পরিক শ্রদ্ধা, বিশ্বাস ও আস্থার সম্পর্ক। মেজর (অব.) সিনহার মৃত্যুতে পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে কোনো ব্যত্যয় হবে না। কমিটি প্রভাবমুক্ত পরিবেশে তদন্ত করবে। কমিটি যে সুপারিশ দেবে, সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। এদিকে, সাবেক সেনা কর্মকর্তা সিনহা মোহাম্মদ রাশেদ খানকে হত্যার ঘটনায় আজ কক্সবাজার জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলা রুজু করেছে নিহতের পরিবার। পরে আদালত মামলাটি তদন্ত করার জন্য র্যাভের প্রতি নির্দেশ দিয়েছেন।

মামলার প্রধান আসামী করা হয়েছে টেকনাফের শামলাপুর চেকপোস্টের ইনচার্জ পুলিশ পরিদর্শক লিয়াকত আলীকে এবং দুই নম্বর আসামী করা হয়েছে টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার দাসকে। এ মামলায় মোট নয়জনকে আসামী করা হয়েছে। মামলায় বাদী হয়েছেন বোন শারমিন শাহরিয়া। গতকাল ৩১ জুলাই রাত নটার দিকে টেকনাফের বাহারছড়ায় কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের শামলাপুর তল্লাশি চৌকিতে পুলিশের গুলিতে মারা যান অবসরপ্রাপ্ত মেজর সিনহা রাশেদ খান। এ ঘটনার পর গত রোববার শামলাপুর চেকপোস্টের ইনচার্জ লিয়াকত আলীসহ ১৬ জন পুলিশ সদস্যকে প্রত্যাহার করা হয়েছে। ইতোমধ্যে গতকাল সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেলিফোন করে নিহত সিনহার মাকে শান্তনা দেন এবং ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচারের আশ্বাস দেন।

(রেডিও তেহরান : ২০:৩৫ ঘ. ০৫/০৮/২০২০ ফারুক/আশরাফ)

আজকে কামাল আমাদের মাঝে নেই কিন্তু তার আবাহনী ক্লাব এখনো আছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৫ আগস্টের হত্যাকাণ্ডের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের চেতনাকে নষ্ট করার চেষ্টা হয়েছে। বুধবার ৫ আগস্ট দুপুরে জাতীয় ক্রীড়া পরিষদ অডিটোরিয়ামে ১৫ আগস্ট নিহত শেখ কামালের বর্ণাঢ্য কর্মবহুল জীবনের ওপর ভারুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন :

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ভাই শেখ কামালকে বহুমুখী প্রতিভার অধিকারী উল্লেখ করে বলেন, দেশের প্রধানমন্ত্রীর ছেলে হিসেবে সে কোনো সুযোগ গ্রহণ করেনি। এসময় আবেগ তাড়িত শেখ হাসিনা বলেন, আপনারা একবার চিন্তা করে দেখেন, একটা মৃত্যু হলে তার বিচার দাবি করেন আমার কাছে। আর আমি কিন্তু বিচার পাইনি। আমি মামলা করতে পারিনি। কারণ আইন করে সে সুযোগ বন্ধ করে দেওয়া হয়েছিল। ২১ বছর পর সরকারে এসে তারপর মামলা করে সেই বিচার করি।

শেখ হাসিনা বলেন, আল্লাহর কাছে অনেক গুণকরিয়্যা আদায় করি এবং কৃতজ্ঞতা জানাই বাংলাদেশের জনগণের প্রতি। তারা অন্তত আমাকে তাদের এই সেবা করার যেমন সুযোগ দিয়েছে আর এই অন্যায় অবিচারের বিচার করার সুযোগ আমরা পেয়েছি। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে শহীদ শেখ কামাল আলোমুখী এক প্রাণ শীর্ষক স্মারক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেলের এ সভা অনুষ্ঠিত হয়। বড় বোন হিসেবে দুই বছরের ছোট ভাই শহীদ শেখ কামালের সঙ্গে শৈশবের বিভিন্ন স্মৃতিচারণ করে আবেগাপ্ত হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, নিজের জন্য কোনোদিন সে কিছু চাইত না। লেখাপড়া, নাট্যচর্চা নিয়ে ব্যস্ত থাকতো। তার নাটক আমি নিজে দেখতে গেছি। বিভিন্ন সময়ের উপস্থিত বক্তৃতা, প্রত্যেকটা ক্ষেত্রেই তার প্রতিভা ছিল। প্রধানমন্ত্রী বলেন, ছোট বেলা থেকেই কামাল শুধু খেলার মধ্যে থাকতো না, সাংসারিক কাজেও আমার মাকে সবরকম সহযোগিতা করতেন। ওই ছোট বয়স থেকেই সে খুব দায়িত্বশীল ভূমিকা পালন করতো। আজকে কামাল আমাদের মাঝে নেই। কিন্তু আজকে তার সৃষ্টি আবাহনী ক্লাব এখনো আছে।(রেডিও তেহরান: ২০:৩৫ ঘ. ০৫/০৮/২০২০ ফারুক/আশরাফ)

সহিংসতা ছাড়া সরকারি দলের নেতাকর্মীরা স্বস্তি পায় না: নড়াইলের ঘটনায় মির্জা ফখরুলের প্রতিক্রিয়া

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ক্ষমতাসীন আওয়ামী লীগকে অভিযুক্ত করে বলেছেন, সহিংসতা ছাড়া সরকারি দলের নেতাকর্মীরা স্বস্তি পায় না। বিএনপি নেতাকর্মীদের ওপর পৈশাচিকভাবে আঘাত করার জন্য তারা সদা সক্রিয়। দিনে রাতে বিএনপি নেতাকর্মীদের যেখানেই পায়, সেখানেই আওয়ামী রক্তপিপাসুরা আঘাত করতে ছুটে আসে। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন :

সম্প্রতি নড়াইল জেলাধীন লোহাগড়া পৌর বিএনপির ৯ নং ওয়ার্ডের সম্পাদক আব্দুল জলিল মোল্লাকে নৃশংসভাবে কুপিয়ে হাতের কজি, দুটো পা ও শরীরের নানা অংশে গুরুতর জখম করার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে এমন মন্তব্য করেন মির্জা ফখরুল।

আজ গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে মির্জা ফখরুল বলেন, মূলত করোনা মহামারি, বন্যা, ক্ষুধা, বেকারত্ব ইত্যাদি কারণে দেশে নৈরাজ্যিক পরিষ্টি। এ সুযোগে জনগণের দৃষ্টি অন্যদিকে ফেরাতেই সরকার বিএনপিসহ বিরোধী দল ও

মতের মানুষদের ওপর আক্রমণ চালিয়ে রক্তাক্ত করেছে। সারা বাংলাদেশ এখন ভুতুড়ে নগরীতে পরিণত হয়েছে। ভয় ও আতঙ্ক মানুষের নিত্যসঙ্গী। শুধুমাত্র বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর আতঙ্কই নয়, মিথ্যা মামলা গ্রেফতার হয়রানিসহ গুম ও বিচার বহির্ভূত হত্যার ভয়ও সাধারণ মানুষকে সারাক্ষণ উদ্ভিন্ন করে রাখে। তিনি বলেন, ভোটারবিহীন অগণতান্ত্রিক সরকার জনরোষের ভয়ে সবসময় আতঙ্কিত থাকে বলেই সহিংস সন্ত্রাসকে আঁকড়ে ধরেছে।

মির্জা ফখরুল বলেন, এই কারণেই লোহাগড়ার বিএনপি নেতা আব্দুল জলিল মোল্লাদের মতো নিবেদিত প্রাণ মানুষদের দুনিয়া থেকে সরিয়ে দেয়ার জন্য ধারালো অস্ত্র নিয়ে সরকার দলীয় সন্ত্রাসীরা দেশের বিভিন্ন জনপদে রক্ত ঝাড়াচ্ছে। বিএনপি মহাসচিব বলেন, গণতন্ত্র-শূন্য করে ক্ষমতাসীন গোষ্ঠী এখন বিরোধীদল শূন্য করার নীতি বাস্তবায়ন করেছে চরম উৎসাহ সহকারে। এই সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে অস্বাভাবিক মৃত্যু যেন প্রায় প্রতিদিনই বাংলাদেশের গণমাধ্যমে শীর্ষ সংবাদ হচ্ছে।

তিনি বলেন, নড়াইল জেলার লোহাগড়া বিএনপি নেতা জলিল মোল্লার ওপর নৃশংস হামলা কাপুরুষোচিত, এটি বর্বরোচিত হামলার এক ভীষণ দৃষ্টান্ত। হত্যার উদ্দেশ্যেই এই অমানবিক সন্ত্রাসী হামলা করা হয়েছে। বিএনপি মহাসচিব আব্দুল জলিল মোল্লার ওপর নৃশংস আক্রমণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে জড়িত দুষ্টকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন। তিনি আব্দুল জলিল মোল্লার দ্রুত সুস্থতা কামনা করেন।

(রেডিও তেহরান : ২০:৩৫ ঘ. ০৫/০৮/২০২০ ফারুক/আশরাফ)

হাওরে ঘুরতে এসে নৌকাডুবি: ১৭ জনের লাশ উদ্ধার, মাছ ধরার ট্রলারডুবিতে নিখোঁজ ৯ জেলে

নেত্রকোনা জেলার মদন উপজেলায় পর্যটনকেন্দ্র উচিতপুরের হাওরে ঘুরতে এসে নৌকাডুবিতে অন্তত ১৮ জনের প্রাণহানি ঘটেছে। ইতোমধ্যে ১৭ জনের লাশ উদ্ধার করা হয়েছে। একজন নিখোঁজ রয়েছেন। আজ বুধবার উচিতপুরের সামনে হাওর গোবিন্দশ্রী রাজলীকান্দা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন :

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, বুধবার সকালে ময়মনসিংহ সদর থানার চরশিরতা ইউনিয়ন ও আটপাড়া তেলিগাতী থেকে ৪৮ জন ভ্রমনকারী তরুণ-তরুণী উচিতপুর হাওরে নৌভ্রমণে আসেন। বেলা সাড়ে ১১টার দিকে হাওরের উত্তাল ঢেউয়ে গোবিন্দশ্রী রাজলীকান্দা নামক স্থানে নৌকাটি ডুবে যায়। দুর্ঘটনার বিষয়ে নিশ্চিত করে ওসি রমিজুল হক আজ বিকেলে জানিয়েছেন, তখনো উদ্ধারকাজ চলছিল।

এদিকে, ভোলা মনপুরার মেঘনায় ইলিশ শিকারের সময় প্রবল ঢেউয়ের তোড়ে মাছ ধরার ট্রলারডুবিতে ৯ জেলে নিখোঁজ হয়েছেন। বুধবার দুপুর ১২টায় উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের দক্ষিণ তালতলা মৎস্যঘাট সংলগ্ন মেঘনায় এ ঘটনা ঘটে। নিখোঁজ জেলেরা হলেন শাহিন, মিজান, ইয়াছিন, মনির, ফারুক, জামাল, রিয়াজ, সবুজ ও গিয়াস উদ্দিন সুকানি। এদের সবার বাড়ি উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের বিভিন্ন গ্রামে। ডুবে যাওয়া ট্রলারের আড়তদার ছাত্তার বেপারি জানান, মেঘনায় ইলিশ শিকারের সময় প্রবল ঢেউয়ের তোড়ে ট্রলারের নিচের তলা ফেটে ট্রলারটি ডুবে যায়। ট্রলারসহ জেলেদের উদ্ধারে কামাল ও স্বপন মাঝির দুটি ট্রলার মেঘনায় ঘটনাস্থলে পাঠানো হয়েছে। দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন চেয়ারম্যান অলিউল্লাহ কাজল জানান, ছাত্তার বেপারির আড়তের গিয়াস উদ্দিন সুকানির ট্রলার ডুবে যায়। ট্রলারে থাকা জেলেদের উদ্ধারে স্থানীয়ভাবে উদ্যোগ নেয়া হয়েছে।

(রেডিও তেহরান : ২০:৩৫ ঘ. ০৫/০৮/২০২০ ফারুক/আশরাফ)

এনএইচকে

লেবাননের বিস্ফোরণে ১০০'র বেশি ব্যক্তি নিহত

মঙ্গলবার লেবাননের রাজধানী বৈরুতে কেঁপে ওঠে বিস্ফোরণে। স্থানীয় সংবাদ মাধ্যম লেবাননের রেডক্রসের উল্লেখ করে জানিয়েছে যে, ঐ বিস্ফোরণে ১০০'র বেশি ব্যক্তি মারা গেছেন এবং অপর ৪ হাজার ব্যক্তি আহত হয়েছেন। লেবানন সরকার বলছে যে বিস্ফোরণ ঘটার স্থানে ২০১৪ সাল থেকে প্রায় ২ হাজার ৭৫০ টন অ্যামোনিয়াম নাইট্রেট এক গুদামে মজুত রাখা ছিল। বিস্ফোরক তৈরির কাজে এই রাসায়নিক পদার্থ ব্যবহার করা হয়ে থাকে। সরকার বলছে, বিস্ফোরণের কারণ অনুসন্ধান করে দেখতে এবং এর পেছনে কারা দায়ী তা সনাক্ত করতে এক তদন্ত কমিটি গঠন করা হবে। ৪৮ ঘণ্টার মধ্যে তদন্তের ফলাফল প্রকাশ করা হবে বলে সরকার জানায়। লেবাননের প্রধানমন্ত্রী হাসান দিয়াব গণত্রেক্যের প্রতি আহ্বান জানিয়ে মিত্র দেশগুলোর কাছ থেকে সহযোগিতার প্রত্যাশা করেছেন। বৈরুতের বন্দর এলাকায় এই বিস্ফোরণ ঘটে এবং এর ফলে বিস্তৃত এলাকা জুড়ে ভবন ও যানবাহন ক্ষতিগ্রস্ত হয়। দীর্ঘকাল ধরে চলা অর্থনৈতিক সংকটের ফলে লেবানন সরকারের কাছে অর্থের ঘাটতি দেখা দিয়েছে। ক্রমবর্ধমান সরকার বিরোধী মনোভাব বিরাজ করার মাঝে বিস্ফোরণের প্রভাব নিয়ে পর্যবেক্ষকরা উদ্বেগ প্রকাশ করেছেন। (এনএইচকে : ২১০০ঘ. ০৫/০৮/২০২০ নারগীস)

ডয়চে ভেলে

চোখের সামনে রুমমেটের মৃত্যু

লেবাননের বৈরুতে বিস্ফোরণে দুইজন বাংলাদেশি নিহত হয়েছেন। আর বাংলাদেশ নৌবাহিনীর ২১ জন সদস্যসহ ৯৯ জন বাংলাদেশি আহত হওয়ার খবর পাওয়া গেছে। যে দুইজন বাংলাদেশি মারা গেছেন তারা হলেন, মেহিদ্দী হাসান রনি ও মিজানুর রহমান। মিজানের গ্রামের বাড়ি মাদারীপুর আর মেহেদীর বাড়ি ব্রাহ্মণবাড়িয়া। মেহেদী হাসান বৈরুতের

আশরাফিয়া এলাকার একটি আটতলা ভবনের নিচতলায় থাকতেন। কাজ করতেন সেখানকারই একটি স্পেনিস সুপারশপে। তার সঙ্গে থাকতেন আরেক বাংলাদেশি সূজন হোসেন। তিনিও ওই এলাকার একটি জুস কারখানার শো-রুমে কাজ করেন।

সূজন জানান, তাদের বাসা থেকে বিস্ফোরণের স্থল বৈরুত পোর্ট তিন কিলোমিটার দূরে। “আমি বাসা থেকে বের হয়ে আমার কর্মস্থলে যাচ্ছিলাম। আমার রুমমেট তখন কর্মস্থলে ছিল। আমি হেঁটেই যাচ্ছিলাম। সন্ধ্যা ৬টার একটু বেশি হবে। ঠিক তখনই বিস্ফোরণের শব্দ। দূরে ধোঁয়া আর আগুনের শিখা। আমার চারপাশের ভবনের কাঁচ, জানালা সব ভেঙে পড়ছিল। আমি দ্রুত একটি গাছের নিচে আশ্রয় নেই। এর কিছুক্ষণ পর বিস্ফোরণের শব্দ থেমে গেলে তিনি শো-রুমে যান। গিয়ে দেখেন শো-রুমটি ধংসস্থলে পরিণত হয়েছে। তিনি তার রুমমেট মেহেদীর আহত হওয়া ও হাসপাতালে নেয়ার খবর পান। পরে মেহেদী মারা যান। তার অফিস থেকে মেহেদীর অফিস দুই মিনিটের হাঁটা পথ।

সূজন বলেন, “ওই ভবনে আরো অনেকে ছিলেন। তাদের অধিকাংশ বের হতে পারলেও মেহেদী বের হতে পারেনি। সম্ভবত কাঁচ ভেঙে পড়ায় তার আঘাতে সে মারা যায়। মেহেদীর লাশ এখন মাউন্ট লেভেন হাসপাতালে আছে। সূজন বলেন, “আমি এই ভয়াবহ বিস্ফোরণের দৃশ্য নিজ চোখে দেখেছি। আমি বেঁচে আছি। কিন্তু আমার রুমমেট ভাই তো মারা গেল। আমি সেই ভয়াবহ দৃশ্য ভুলতে পারছি না। (ডায়েরি ভেলে: ০৮০০ ঘ. ০৫/০৮/২০২০ সোনিয়া/নারগীস)

রেডিও এবিসি

করোনায় দেশে ২৪ ঘন্টায় আরো ৩৩ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘন্টায় ২৬৫৪ জনের করোনা শনাক্ত হয়েছে। একই সময় করোনায় মারা গেছে ৩৩ জন। করোনা সংক্রমণ পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন ব্রিফিং-এ বুধবার এই তথ্য জানানো হয়।

(রেডিও এবিসি: ১৫০০ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

করোনা শনাক্তকরণ পরীক্ষার ধারাবাহিকতা বজায় রাখতে পারছে না স্বাস্থ্য অধিদপ্তর

করোনা শনাক্তকরণ পরীক্ষার ধারাবাহিকতা বজায় রাখতে পারছে না স্বাস্থ্য অধিদপ্তর। একদিকে প্রয়োজনের তুলনায় নমুনা পরীক্ষা কম হচ্ছে। অন্যদিকে পরীক্ষার ফলাফলে সামঞ্জস্য থাকছে না। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, সংক্রমণ নিয়ন্ত্রণে আনতে পরীক্ষার উপর জোর দিতে হবে। দেশে এখন ৩৮টি কেন্দ্র নমুনা পরীক্ষার জন্য চালু করা হয়েছে। নমুনা সংগ্রহ এবং পরীক্ষা বাড়ানোর কথা বলা হলেও বাস্তবে তা হচ্ছে না।

(রেডিও এবিসি: ১৫০০ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

এক মাসের বেশি সময় ধরে চলা বন্যায় কঠিন সমস্যায় পড়েছে মানুষ

এক মাসের বেশি সময় ধরে চলা বন্যায় কঠিন সমস্যায় পড়েছে মানুষ। ঈদের ছুটির মধ্যে বন্যার পানি আরও বেড়েছে। মোট আক্রান্ত জেলা ৩৩টিতে দাঁড়িয়েছে। নতুন করে বন্যাকবলিত মানুষের সংখ্যা এখন ৫৫ লাখে দাঁড়িয়েছে। মঙ্গলবার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় দৈনিক দুর্যোগ প্রতিবেদনে এই তথ্য দিয়েছে।

(রেডিও এবিসি: ১৮০০ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

জাতীয় ফুটবল দলের খেলোয়াড় বিশ্বনাথ ঘোষ করোনায় আক্রান্ত

করোনায় আক্রান্ত হয়েছে জাতীয় ফুটবল দলের খেলোয়াড় বিশ্বনাথ ঘোষ। তাই আজ থেকে শুরু হওয়া জাতীয় দলের ক্যাম্পে যোগ দেননি তিনি। (রেডিও এবিসি: ১৮০০ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

রেডিও টুডে

বৈরুতে ভয়াবহ বিস্ফোরণ; ২ বাংলাদেশীসহ ১০০ জন নিহত: বাংলাদেশ নৌবাহিনীর ২১ সদস্য আহত

লেবানন-এর রাজধানী বৈরুতে ভয়াবহ এক বিস্ফোরণে অন্তত ১০০ জন নিহত হয়েছে। যাদের মধ্যে ২ বাংলাদেশীও রয়েছে। আহত হয়েছেন ৪ হাজারেরও বেশি মানুষ। বিস্ফোরক জাতীয় রাসায়নিক পদার্থের গুদামে এই বিস্ফোরণ ঘটে বলে প্রাথমিকভাবে জানিয়েছেন লেবাননের অভ্যন্তরীণ নিরাপত্তা বিষয়ক প্রধান। মঙ্গলবারের এই বিস্ফোরণে বৈরুত শহরটিকে কাঁপিয়ে তোলে। রাজধানীর বড় একটি অংশের বিভিন্ন ভবনের দরজা-জানালা কাঁচ ভেঙে গেছে। লেবাননের প্রধানমন্ত্রী বিস্ফোরণের এই ঘটনাকে একটি বিপর্যয় বলে মন্তব্য করেছেন এবং কারো গাফিলতি থাকলে ব্যবস্থা নেয়ারও হুঁশিয়ারি দিয়েছেন। এ ঘটনায় আজ মন্ত্রিসভার জরুরি বৈঠক ডেকেছে প্রেসিডেন্ট। যদিও বৈরুতের কর্মকর্তারা বলছেন পরিকল্পিতভাবে বিস্ফোরণের ঘটনা ঘটানো হয়নি। এক বিবৃতিতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, মার্কিন সেনা কর্মকর্তারা তাঁকে জানিয়েছেন এটা একটা ভয়াবহ হামলা যা সম্ভবত বোমার মাধ্যমে ঘটানো হয়েছে। বিস্ফোরণের ঘটনায় এরই মধ্যে ৩ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে। জারি হতে পারে দুই সপ্তাহের জরুরি অবস্থা। এদিকে বৈরুতের বন্দরে বিস্ফোরণের ঘটনায় বাংলাদেশ নৌবাহিনীর অন্তত ২১ সদস্য আহত হয়েছেন। তাঁরা সেখানে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে কর্মরত ছিলেন। আহতরা বৈরুতের বন্দরে নোঙ্গর করা বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ বিএনএস বিজয়ে অবস্থান করছিলেন বলে জানা গেছে। তবে আহতদের মধ্যে ২০ জনই শঙ্কামুক্ত বলে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর আইএসপিআর। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

সিনহা রাশেদ খান নিহতের ঘটনায় আদালতে হত্যা মামলা দায়ের

কক্সবাজারে পুলিশের গুলিতে সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা রাশেদ খান নিহতের ঘটনায় আদালতে হত্যা মামলা দায়ের করেছে পরিবারের সদস্যরা। সিনহার বড় বোন শারমিন শাহরিয়ার ফেরদৌস বাদী হয়ে আজ টেকনাফের বিচারিক হাকিম আদালতে এই মামলা দায়ের করেন। মামলায় টেকনাফ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রদীপ কুমার দাস ও স্থানীয় বাহারছড়া পুলিশ তদন্ত কেন্দ্রের পরিদর্শক লিয়াকত আলীসহ মোট ৯ পুলিশ সদস্যকে আসামী করা হয়েছে। বিচারক তামান্না ফারাহ মামলাটি আমলে নিয়ে টেকনাফ থানাকে অভিযোগটি এজাহার গ্রহণের নির্দেশ দিয়েছেন। মামলার তদন্তভার দেয়া হয়েছে র্যাবকে। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

সাবেক সেনা কর্মকর্তা সিনহার মৃত্যুর ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ওবায়দুল কাদের

সাবেক সেনা কর্মকর্তা সিনহার মৃত্যুর ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি সূচ্যু তদন্তের মাধ্যমে সত্য উদ্ঘাটনের আহ্বান জানিয়েছে। আজ সকালে শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষে প্রথমে আবাহনী ক্লাব ও পরে বনানী কবরস্থানে দলের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে নিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে তাঁর বাসভবন থেকে ব্রিফিংকালে এসব কথা বলেন ওবায়দুল কাদের। এ সময় তিনি আরও বলেন, শহীদ শেখ কামাল ছিলেন দূরদর্শী ও গভীর চিন্তাবোধের অধিকারী এবং নির্লোভ।

(রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

কামাল বেঁচে থাকলে সমাজ ও রাষ্ট্রকে অনেক কিছু দিতে পারতো

নানা আনুষ্ঠানিকতায় পালিত হচ্ছে জাতির জনক বঙ্গবন্ধুর বড় ছেলে ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় ক্রীড়া পরিষদ অডিটরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আজ কামাল বেঁচে থাকলে সমাজ ও রাষ্ট্রকে অনেক কিছু দিতে পারতো। শেখ কামালের বর্ণাঢ্য জীবনের উপর ভারুয়াল এই আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে যোগ দেন। এ সময় তিনি বলেন, শেখ কামাল আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে শুরু করে প্রতিটি আন্দোলনে বড় ভূমিকা রেখেছেন।

(রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

কুড়িগ্রামের সার্বিক বন্যা পরিস্থিতির অনেকটা উন্নতি

কুড়িগ্রামের নদ-নদীর পানি কমতে থাকায় জেলার সার্বিক বন্যা পরিস্থিতির অনেকটাই উন্নতি হয়েছে। তবে নিম্নাঞ্চলের ঘর-বাড়ি থেকে এখনও পুরোপুরি পানি নেমে যায়নি। এ অবস্থায় উঁচু এলাকার মানুষজনের কষ্ট কিছুটা কমলেও দুর্ভোগে রয়েছে নিম্নাঞ্চলের বন্যাকবলিতরা। দীর্ঘ বন্যায় কর্মহীন হয়ে পড়া চরাঞ্চলের মানুষজন খাদ্য, বিশুদ্ধ পানি ও গো-খাদ্যের সঙ্কট নিয়েই দিন যাপন করছেন। এদিকে রাজিবপুর ও চিলমারী উপজেলার বন্যাকবলিত দুর্গম চরাঞ্চল পরিদর্শন করে দুর্গত মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার ত্রাণ সামগ্রীসহ বিভিন্ন উপকরণ বিতরণ করেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার।

(রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবসায়ীদের নিয়মের আওতায় আনতে সরকার কাজ করছে: তথ্যমন্ত্রী

টিকটক ফেইসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে যারা ব্যবসা করছেন তাদের নিয়ম-নীতির আওতায় আনতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাসান মাহমুদ। আজ সাংবাদিকদের এই তথ্য জানান তিনি। মন্ত্রী বলেন, দ্বিতীয় ধাপে দেশের নামকরা অনলাইন নিউজ পোর্টালগুলোকে নিবন্ধের অনুমোদন দেয়া হবে। শেখ কামালের জন্মদিন উপলক্ষে তিনি বলেন, বাংলাদেশে চিরতরে হত্যা এবং ষড়যন্ত্রের রাজনীতি বন্ধ হোক, এ দিনে এটাই বড় প্রত্যাশা। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

করোনা ভাইরাসের সংক্রমণে বিশ্বজুড়ে মৃতের সংখ্যা ৭ লাখ ছাড়িয়ে গেছে

করোনা ভাইরাসের সংক্রমণে বিশ্বজুড়ে মৃতের সংখ্যা ৭ লাখ ছাড়িয়ে গেছে। আর আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে এক কোটি ৮৭ লাখ। আক্রান্তের মধ্যে এ পর্যন্ত সুস্থ হয়েছেন এক কোটি ১৯ লাখ।

(রেডিও টুডে: ১৩৪৫ঘ. ০৫/০৮/২০২০ প্রতীক)

মেজর সিনহা নিহতের ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা বলে উল্লেখ সেনাবাহিনী প্রধান ও পুলিশ মহাপরিদর্শকের

পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোঃ রাশেদ খানের নিহত হওয়ার ঘটনাকে একটি বিচ্ছিন্ন ঘটনা বলে উল্লেখ করেছেন সেনাবাহিনীর প্রধান জেনারেল আজিজ আহম্মেদ ও পুলিশের মহাপরিদর্শক বেনজির আহম্মেদ। আজ কক্সবাজারে সেনাবাহিনীর বাংলা জলতরঙ্গে আয়োজিত যৌথ সংবাদ সম্মেলনে তাঁরা জোর দিয়ে বলেন, এতে দুই বাহিনীর সম্পর্কে চিড় ধরবে না। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৫/০৮/২০২০ এলিনা/প্রতীক)

বেঁচে থাকলে দেশের জন্য অনেক কিছুই করতে পারতেন শেখ কামাল: প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বড় ছেলে শেখ কামাল বেঁচে থাকলে দেশের জন্য অনেক কিছুই করতে পারতেন উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বহুমুখী প্রতিভা ও মেধার অধিকারী এই ক্ষণজন্মা ক্রীড়াবিদের

পাশাপাশি রাজনীতিতেও ছিলেন সরব। দেশের ক্রীড়াঙ্গণকে এগিয়ে নিতে তাঁর স্বপ্ন ছিল আকাশছোঁয়া। শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকীতে ভারুয়াল আলোচনায় এসব কথা বলেন তাঁর বড় বোন শেখ হাসিনা।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৫/০৮/২০২০ এলিনা/প্রতীক)

করোনাভাইরাসের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশকে আর্থিক সহায়তা দিচ্ছে জাপান

করোনাভাইরাসের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশকে ৩২৯ মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহযোগিতা দিচ্ছে জাপান। এ সংক্রান্ত একটি বিল জাপানের পার্লামেন্ট অনুমোদন দিয়েছে বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানিয়েছেন জাপানের প্রধানমন্ত্রী শিন জো আবে। আজ প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুধবার দুপুর ১টা ৫ মিনিটে জাপানের প্রধানমন্ত্রী শিন জো আবের সঙ্গে টেলিফোনে কথা বলেন। প্রায় ২৫ মিনিটের টেলিফোন আলোচনায় দুই নেতা কুশলাদি বিনিময় করেন এবং দু'দেশের কোভিড-১৯ মহামারি পরিস্থিতি সম্পর্কে পরস্পরকে অবহিত করেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৫/০৮/২০২০ এলিনা/প্রতীক)

নেত্রকোণার রাজীবান্দা হাওড়ে যাত্রীবাহী ট্রলার ডুবে ১৮ জনের মৃত্যু হয়েছে

নেত্রকোণার মদন উপজেলার রাজীবান্দা হাওড়ে যাত্রীবাহী ট্রলার ডুবে ১৮ জনের মৃত্যু হয়েছে। এখনও নিখোঁজ রয়েছে ১ জন। ৩০ জনকে উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আজ দুপুর পৌনে ১২টার দিকে নৌক ডুবির এই ঘটনা ঘটে। যাদের লাশ উদ্ধার করা হয়েছে তারা ময়মনসিংহ সদর উপজেলার চরশিবতা ইউনিয়নের একটি মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থী বলে জানা গেছে। তারা হাওড়ে বেড়াতে গিয়েছিলেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৫/০৮/২০২০ এলিনা/প্রতীক)

১০ দিনের রিমান্ড শেষে শাহেদকে কারাগারে পাঠিয়েছে পুলিশ

সাতক্ষীরার দেবহাটা থানার অস্ত্র মামলায় ঢাকার রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান মোঃ সাহেদ ওরফে সাহেদ করিমের ১০ দিনের রিমান্ড শেষ হয়েছে। পরে আদালতের নির্দেশে আজ দুপুরে তাকে সাতক্ষীরা জেলা কারাগারে পাঠিয়েছে পুলিশ। সাহেদ করিম সাতক্ষীরা শহরের কামাল নগরের ব্যবসায়ী সিরাজুল করিম ও জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাফিয়া করিমের ছেলে। তার মালিকানাধীন রিজেন্ট হাসপাতালের বিরুদ্ধে পরীক্ষা না করেই করোনাভাইরাস পরীক্ষার ভূয়া প্রতিবেদন দিয়ে বিপুল অংকের টাকা হাতিয়ে নেয়াসহ নানা অনিয়মের অভিযোগ ওঠে।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৫/০৮/২০২০ এলিনা/প্রতীক)

টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার দাসকে প্রত্যাহার করা হয়েছে

পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খানের মৃত্যুর ঘটনায় দায়ের করা মামলার অন্যতম আসামি টেকনাফ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রদীপ কুমার দাসকে প্রত্যাহার করা হয়েছে। ওই থানার দ্বিতীয় কর্মকর্তা এ.বি.এম. দোহাকে তার স্থলাভিষিক্ত করা হয়েছে বলে জানা গেছে। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬/০৮/২০২০ আছাদ/নারগীস)

লেবাননের রাজধানী বৈরুতে ভয়াবহ বিস্ফোরণে এ পর্যন্ত ৪ জন বাংলাদেশি নিহত হয়েছেন

লেবাননের রাজধানী বৈরুতে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় সন্ধ্যা পর্যন্ত অন্তত চারজন বাংলাদেশি নিহত হওয়ার খবর পাওয়া গেছে। ওই বিস্ফোরণে ৯৯ জন বাংলাদেশি আহত হয়েছেন। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। দেশটির বাংলাদেশি দূতাবাস জানিয়েছে, নিহত চার বাংলাদেশি হলেন ব্রাহ্মণবাড়িয়ার মেহেদী হাসান ও রাসেল মিয়া, কুমিল্লার রেজাউল ও মাদারীপুরে মিজান। তারা দেশটিতে বৈধ কর্মী হিসেবে কর্মরত ছিলেন। মঙ্গলবার বিকেলে লেবাননের রাজধানী বৈরুতে ভয়াবহ বিস্ফোরণে নিহত ব্যক্তির সংখ্যা ১০০ ছাড়িয়ে গেছে।

(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬/০৮/২০২০ আছাদ/নারগীস)

জাতীয় ফুটবল দলের ক্যাম্প ডাক পাওয়া মোট চারজনের দেহে করোনার অস্তিত্ব পাওয়া গেছে

বিশ্বনাথ ঘোষের পর জাতীয় ফুটবল দলের ক্যাম্প ডাক পাওয়া আরো তিন ফুটবলারের দেহে করোনাভাইরাসের অস্তিত্ব পাওয়া গেছে। তারা হলেন বাবলু, নাজমুল ইসলাম রাসেল ও সুমন রেজা। এর আগে বিশ্বকাপ ও এশিয়া কাপের বাকি পবের ম্যাচগুলো সামনে রেখে বাংলাদেশ ফুটবল দলের আবাসিক ক্যাম্প শুরু হয় গতকাল থেকে। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে তিনধাপে গাজীপুরের সারাহ রিসোর্টে যাবেন খেলোয়াড়রা।

(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬/০৮/২০২০ আছাদ/নারগীস)

অযোধ্যায় বাবরি মসজিদের জায়গায় রাম মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপন ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির

আদালতের রায়ের পর অযোধ্যায় বাবরি মসজিদের জায়গায় রাম মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এজন্য তিনি ২৯ বছর পর অযোধ্যায় পা রাখেন। বুধবার স্থানীয় সময় দুপুরে ৪০ কেজি ওজনের একটি রুপার ইটের মাধ্যমে তিনি মন্দির নির্মাণের আনুষ্ঠানিকতা শুরু করেন বলে জানিয়েছে ভারতীয় গণমাধ্যমগুলো। এসময় নরেন্দ্র মোদির রাম মন্দিরের ভিত্তি স্থাপনের দিনটিকে ভারতীয় স্বাধীনতা দিবসের সঙ্গে তুলনা করেন।

(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬/০৮/২০২০ আছাদ/নারগীস)

BBC

RESCUE WORKERS SEARCH RUBBLE AFTER DEADLY BEIRUT BLAST

Rescue workers in Lebanon are searching for more than a hundred people who are missing after a huge explosion devastated the port area of the capital Beirut on Tuesday. The blast killed at least 100 people and injured more than 4,000 others. The whole city was shaken by the explosion and a mushroom cloud could be seen spreading over the port area. President Michel Aoun said the blast was caused by 2,750 tonnes of ammonium nitrate stored unsafely in a warehouse. (BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

INDIA PM LAYS TEMPLE FOUNDATION AMID COVID SURGE.

Indian PM Narendra Modi has laid the foundation stone for a Hindu temple in the northern city of Ayodhya. Hindu mobs demolished a medieval mosque there in 1992, saying it was built on the ruins of a temple for Lord Ram, a revered deity. Hindus and Muslims claimed ownership over the site for decades. Last year, the top court gave the site to Hindus, ending a decades-long legal battle. The inauguration comes amid a massive surge in coronavirus cases in India. (BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

DEADLY CYCLONE ISAIAS REACHES CANADA

At least five people have been killed as Tropical Storm Isaias swept through US states on the Atlantic Coast. Two died when a tornado struck a mobile home park in North Carolina and at least three more were killed in New York, Delaware and Maryland. Isaias has since moved into south-eastern Canada and been downgraded to a post-tropical cyclone. The Canadian Hurricane Centre has warned of heavy rainfall over southern Quebec.

(BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

SOUTH KOREA BATTLES DEADLY FLOODS AND LANDSLIDES

At least 15 people have died and more than 1,500 have been forced from their homes after torrential rain triggered floods and landslides in South Korea. Prime Minister Chung Sye-kyun called for two areas to be declared disaster zones after 42 consecutive days of rain - the country's longest monsoon in seven years. The rescue effort is being complicated by coronavirus restrictions. There are fears that crowded shelters could spread the virus.

(BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

SWEDEN'S ECONOMY LESS HARD-HIT BY CORONAVIRUS

Sweden, which avoided a lockdown during the height of the Covid-19 pandemic, saw its economy shrink 8.6% in the April-to-June period from the previous three months. The flash estimate from the Swedish statistics office indicated that the country fared better than other EU nations which took stricter measures. However, it was still the largest quarterly fall for at least 40 years. The European Union saw a contraction of 11.9% for the same period.

(BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

GLOBAL DEATHS SURPASS 700,000

More than 7,00,000 deaths involving Covid-19 have now been recorded worldwide, according to the latest tally by Johns Hopkins University. Overall, the US has reported the most deaths (1,56,830), followed by Brazil (95,819), Mexico (48,869), the UK (46,295), and India (39,795). It is worth remembering that there are challenges in comparing countries, such as how widely they test for Covid-19 and whether they count deaths from the virus in the same way. Differences in population are of course also important when making any comparison. The UK has about 66 million people, while India has more than 1.3 billion.

(BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

SENEGAL'S PRESIDENT PRAISES SIGN-LANGUAGE VIDEOS.

A journalism student has earned praise from Senegal's president after interpreting his statements about Covid-19 for the country's deaf community. Naomie Koffie has been posting video summaries of President Macky Sall's televised speeches and other coronavirus news in sign language during the pandemic. Her videos on social media caught the attention of the president, who congratulated her on Twitter.

(BBC: 22:00+23:00 hrs. 05/08/2020 Faruk/Nargis)

FRANCE SENDS THREE AID FLIGHTS TO BEIRUT

France is sending three planes with rescuers, medical equipment and a mobile clinic to Beirut on Wednesday, with President Emmanuel Macron visiting the disaster-hit city on Thursday, news agency AFP reports. The first two military planes have 55 search and rescue personnel on board, along with 25 tonnes of sanitary equipment and a mobile clinic which is able to treat 500 people. Twelve more emergency workers will be sent soon to reinforce hospitals in the Lebanese capital, said the presidency announced.

(BBC: 06:00 hrs. 06/08/2020 Faruk/Nargis)

ETHIOPIA RECEIVES VENTILATORS FROM THE US.

The US government has donated 250 ventilators to Ethiopia to help in its response to the coronavirus pandemic. The donation came after a promise made during a phone conversation between President Donald Trump and Prime Minister Abiy Ahmed in April. The US Ambassador Michael Raynor said the donation reinforces its unwavering commitment to the Ethiopian people. Ethiopian Health Minister Dr. Tadesse thanked the US for the donation.

(BBC: 06:00 hrs. 06/08/2020 Faruk/Nargis)

EGYPT WITHDRAWS FROM LATEST NILE DAM TALKS

Egypt has temporarily withdrawn from the renewed talks on the future of a giant hydropower project on the Nile River being built by Ethiopia. The latest standoff is over new filling guidelines proposed by Ethiopia. Sudan has also threatened to withdraw from the talks, saying Ethiopia is insisting on linking them to renegotiating a deal on sharing the waters of the Blue Nile. Sudan's Water and Irrigation Minister, Yasser Abbas, said he received a letter from his Ethiopian counterpart with the proposal. (BBC: 06:00 hrs. 06/08/2020 Faruk/Nargis)

THERE WILL BE A VACCINE IN 2020 AND 2021: TOP EXPERT

A vaccine against the coronavirus will be available in 2020 and 2021, a leading pandemic adviser to the UK government has suggested. Sir Jeremy Farrar, director of health research charity Wellcome Trust, told the BBC's Hardtalk programme that huge progress was being made. In the last seven months since I have been involved, the progress is absolutely staggering and there are now first-generation vaccines. There's probably five or six of them - from the US, from Europe, from China, from Russia - that are becoming available, he said. Moreover, global Corona infected patient amount is 18,976,340 and the total death is 711,220 with total recovery of 12,165,610. (BBC: 06:00 hrs. 06/08/2020 Faruk/Nargis)

::THE END::